

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্হ শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুন ৬, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪২৮/১৮ মে ২০২১

নং ৪০.০০.০০০০.০১৬.৩১.০০৩.১২(অংশ-৫)-৬২।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার গার্ভেন্টস শিল্পসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠান/কারখানার সার্বিক পরিস্থিতি পর্যালোচনা ও শ্রম অসন্তোষ নিরসনকলে করণীয় নির্ধারণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের উদ্দেশ্যে সংশ্লিষ্ট সকল পক্ষের সমন্বয়ে পূর্বে ঘোষিত ২৭ জুন ২০১০ তারিখের জারীকৃত শ্রকম/অধিশাখা-৫/সিএমসি/৬(৭)/২০০৯(অংশ-১)/ ৩২৯ প্রজ্ঞাপন রাহিত করিয়া নিম্নরূপে “ক্রাইসিস ম্যানেজমেন্ট বিষয়ক কোর কমিটি” পুনর্গঠন করা হলো:

১.	মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	আহবায়ক
২.	জনাব শাজাহান খান, এমপি, মাননীয় সংসদ সদস্য, মাদারীপুর-২	সদস্য
৩.	সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৪.	সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)	সদস্য
৫.	সচিব, বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)	সদস্য
৬.	সচিব, শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)	সদস্য
৭.	সচিব, বন্ত্র ও পাট মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার)	সদস্য
৮.	অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য
৯.	মহাপুলিশ পরিদর্শক এর প্রতিনিধি	সদস্য
১০.	মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা	সদস্য
১১.	মহাপরিচালক, শ্রম অধিদপ্তর, শ্রম ভবন, বিজয় নগর, ঢাকা	সদস্য
১২.	চেয়ারম্যান, বাংলাদেশ পাটকল কর্পোরেশন (বিজেএমসি), ১১৫-১২০ মতিবিল কমার্শিয়াল এলাকা, ঢাকা	সদস্য

(৮৫২৫)

মূল্য : টাকা ৮.০০

১৩.	মহাপরিচালক, র্যাব, উত্তরা, ঢাকা এর প্রতিনিধি	সদস্য
১৪.	মহাপরিচালক, ডিজিএফআই এর প্রতিনিধি	সদস্য
১৫.	মহাপরিচালক, এনএসআইন এর প্রতিনিধি	সদস্য
১৬.	অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, ইভাস্ট্রিয়াল পুলিশ, উত্তরা, ঢাকা	সদস্য
১৭.	অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক (এসবি), বাংলাদেশ পুলিশ, মালিবাগ, ঢাকা এর প্রতিনিধি	সদস্য
১৮.	পুলিশ কমিশনার, ডিএমপি এর প্রতিনিধি	সদস্য
১৯.	জেলা প্রশাসক, ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ এর একজন করে প্রতিনিধি	সদস্য
২০.	পুলিশ সুপার, ঢাকা/গাজীপুর/নারায়ণগঞ্জ এর একজন করে প্রতিনিধি	সদস্য
২১.	সভাপতি, বাংলাদেশ এমপ্লয়ার্স ফেডারেশন, চেষ্টার বিস্টি ১২২-১২৪ মতিবিল বা/এ, ঢাকা	সদস্য
২২.	প্রেসিডেন্ট, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং৭/৭ এ, সেক্টর-১৭, ব্লক-এইচ (এ), উত্তরা, ঢাকা	সদস্য
২৩.	প্রেসিডেন্ট, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার, ১৩/এ সোনারগাঁও রোড, ঢাকা	সদস্য
২৪.	জনাব নূর কুতুব আলম মাঝান, ভারপ্রাপ্ত সভাপতি, জাতীয় শ্রমিক লীগ	সদস্য
২৫.	উপসচিব (শ্রম), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য-সচিব

০২। কমিটির কর্মপরিধি:

- (ক) গার্মেন্টস শিল্পে সংঘটিত কোনো অপ্রীতিকর ঘটনার বিষয়ে ত্বরিত গতিতে সরকারকে পরামর্শ প্রদান করবে;
- (খ) গার্মেন্টস শিল্প সেক্টরে শ্রম পরিস্থিতি সমূহত রাখার উদ্দেশ্যে করণীয় বিষয়ে আঞ্চলিক কমিটিসমূহ ও ওয়ার্কিং গ্রুপকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করবে;
- (গ) গার্মেন্টস শিল্পে কোনো অপ্রীতিকর ঘটনার বিষয়ে ও শ্রমিক/মালিক পক্ষের মধ্যে কোনো অসম্মোষজনক পরিস্থিতির উভব হলে সে ব্যাপারে নিরসনমূলক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঘ) ত্রিপক্ষীয় চুক্তির শর্তাবলি যথাযথ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- (ঙ) গার্মেন্টস শিল্প সেক্টরে কমপ্লায়েন্স বাস্তবায়নের অংগতি পর্যালোচনা ও প্রয়োজনীয় কার্যক্রম পরিচালনার দিক নির্দেশনা প্রদান করবে;
- (চ) এ কমিটি প্রতিমাসে অন্তত একটি সভায় মিলিত হবে;
- (ছ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোহাম্মদ আব্দুল কাদের
উপসচিব (শ্রম)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দিকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd